গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম
[নিলাম বিভাগ]

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম শাখা/৮১/বি.এম.টি.এফ লি./২০২৬/ তারিখ:......../০৯/২০২৬ খ্রি.

## বিক্রয় আদেশ

জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ নং-৪৩/কাস্টমস/২০২৬, তারিখ: ১৭/০৮/২০২৬ খ্রি. এর অনুচ্ছেদ-৭(১)(ক) এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-৪৫৪/কাস/অক/পলিসি/২০০০/৫০৯৮, তারিখ:৩১/০৮/২০২৬ খ্রি. অনুযায়ী নিলাম কমিটির ০৮/০৯/২০২৬ খ্রি. তারিখের সভার সুপারিশক্রমে ৩৬ টি লটে ১১৩ টি কন্টেইনারের তালিকা বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি লিমিটেড (বিএমটিএফ) কর্তৃপক্ষকে প্রেরণ করা হয়। বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি লিমিটেড (বিএমটিএফ) কর্তৃপক্ষ তন্মধ্যে ১৪ টি লটের ৫৫ (পঞ্চান্ন) টি কন্টেইনার গ্রহণের আগ্রহ প্রকাশ করে এ দপ্তরে পত্র (পত্র নং- এমটি/এমকেটি/৯৬২/২০২৬/৭৫৮, ১৪.০৯.২০২৬ খ্রি.) প্রেরণ করে। বর্ণিতাবস্থায়, নিলাম কমিটির সুপারিশক্রমে কমিশনার মহোদয় কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি লিমিটেড (বিএমটিএফ)-এর অনুকূলে ১৪টি লটভুক্ত পণ্য চালানসমূহের বিক্রয় আদেশ জারি করা হলোঃ

| ক্রমিক নং | নিলাম কমিটির সুপারিশ/ সিদ্ধান্ত | লট নম্বর | লট সংখ্যা | কন্টেইনার সংখ্যা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | অনুমোদন (Approved) (আমদানি নীতি আদেশ ও বিদ্যমান অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্ত পরিপালন এবং প্রযোজ্য ক্ষেত্রে রাসায়নিক পরীক্ষার মাধ্যমে পণ্যের ব্যবহার উপযোগিতা ও গুণগত মান যাচাই পূর্বক খালাসকালে পণ্যের বর্ণনা ও ওজন নিশ্চিত সাপেক্ষে ছাড়যোগ্য) | OBPC-1/358/25 | ১৪টি | ৫৫টি |
| | | OBPC-2/368/25 | | |
| | | OBPC-1/1547/24 | | |
| | | OBPC-1/1646/25 | | |
| | | OBPC-1/1704/25 | | |
| | | OBPC-1/1724/2025 | | |
| | | OBPC-2/689/19 | | |
| | | OBPC-1/03/18 | | |
| | | OBPC-1/498/23 | | |
| | | OBPC-2/921/20 | | |
| | | OBPC-1/2702/20 | | |
| | | OBPC-2/2444/20 | | |
| | | OBPC-1/908/17 | | |
| | | B1-04/26 | | |

০২। কাস্টমস হাউস, চট্টগ্রাম এর স্থায়ী আদেশ স্মারক নং-৪৫৪/কাস/অক/পলিসি/২০০০/৫০৯৮, তারিখ:৩১/০৮/২০২৬ খ্রি. মোতাবেক অনুমোদিত লটসমূহের বিক্রয় অনুমোদন কাস্টমস হাউস/কমিশনারেটের নোটিশ বোর্ডে অথবা ওয়েবসাইটে প্রকাশিত হওয়ার তারিখ হতে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মূল্য পরিশোধপূর্বক (প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও অগ্রিম মূসকসহ) সংশ্লিষ্ট পণ্য খালাস গ্রহণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পণ্য চালান খালাস গ্রহণ করলে বিক্রিত পণ্যের ক্ষেত্রে কোন গুদাম ভাড়া প্রযোজ্য হবে না। যদি নির্ধারিত সময়ের মধ্যে পণ্য খালাস গ্রহণ করতে ব্যর্থ হন তবে সেক্ষেত্রে তিনি কারণ উল্লেখপূর্বক কমিশনারের নিকট সময় বৃদ্ধির জন্য আবেদন করবেন। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে কমিশনার অতিরিক্ত ০৭ (সাত) দিন সময় বৃদ্ধি করতে পারবেন। রাসায়নিক পরীক্ষণ বা অন্য কোন শর্ত পরিপালনের ক্ষেত্রে আরও বেশি সময়ের প্রয়োজন হলে আবেদনকারীর আবেদন বিবেচনায় কমিশনার যুক্তিসংগত সময় প্রদান করতে পারবেন। উক্ত বর্ধিত সময়ের পরও পণ্য গ্রহণে বিরত থাকলে অননুমোদিত সময়ের জন্য কমিশনার কর্তৃক নির্ধারিত হারে গুদাম ভাড়া আদায়যোগ্য হবে।

০৩। জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ নং-৪৩/কাস্টমস/২০২৬, তারিখ: ১৭/০৮/২০২৬ খ্রি. এর অনুচ্ছেদ ৭(১) (ক) এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-৪৫৪/কাস/অক/পলিসি/২০০০/৫০৯৮, তারিখ:৩১/০৮/২০২৬ খ্রি. এর অনুচ্ছেদ ৪.৪ অনুযায়ী সংরক্ষিত মূল্যের ৬০% মূল্য নিলাম বিভাগের নির্ধারিত স্বতন্ত্র ব্যাংক হিসাব নং-০৮০৬০০২০০৩০৩৯, সোনালী ব্যাংক পিএলসি, কাস্টমস হাউস শাখা, চট্টগ্রাম এবং প্রযোজ্য মূল্য সংযোজন কর ও আগাম আয়কর নির্ধারিত অর্থনৈতিক কোডে পরিশোধ করতে হবে।

০৪। আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ ও ২০২৬-২৯ এর প্রযোজ্য শর্তাবলী পরিপালন, প্রযোজ্য ক্ষেত্রে অনাপত্তি পত্র প্রাপ্তি সাপেক্ষে পণ্য খালাস হবে।

০৫। এছাড়া জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ নং-৪৩/কাস্টমস/২০২৬, তারিখ: ১৭/০৮/২০২৬ খ্রি. এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-৪৫৪/কাস/অক/পলিসি/২০০০/৫০৯৮, তারিখ:৩১/০৮/২০২৬ খ্রি. এ বর্ণিত অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা

স্বা:
(নাজমুল হোসেন)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে

CamScanner

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম শাখা/৮১/বি.এম.টি.এফ লি./২০২৬/ ৫৮০১ (৫) তারিখ:...২৬/০৯/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। এডিশনাল কমিশনার অব কাস্টমস-১/২, কাস্টমস হাউস, চট্টগ্রাম।

২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস-৩, কাস্টমস হাউস, চট্টগ্রাম।

৩। পিএ-টু-কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো :

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি লিমিটেড (বিএমটিএফ)।

২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। প্রোগ্রামার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (কাস্টম হাউস, চট্টগ্রাম এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। রেভিনিউ অফিসার-নিলাম (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।

৫। গোলা কর্মকর্তা, নিলাম শাখা, কাস্টম হাউস, চট্টগ্রাম (তাকে অনুমোদিত পণ্য যথাসময়ে ডেলিভারি গ্রহণ না করলে সহকারী কমিশনার (নিলাম) এর নিকট রিপোর্ট করার জন্য বলা হলো এবং নমুনা উত্তোলনের লক্ষ্যে ইনডেন্ট তৈরির জন্য বলা হলো)।

৬। এল,পি,ও সুপার/অডিট অফিসার (টি,এ), নিরাপত্তা পরিদর্শক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

৭। সুপার ট্রেজারি, কাস্টম হাউস, চট্টগ্রাম।

৮। নিলামকারী: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্র্যান্ড রোড, সদরঘাট রোড, চট্টগ্রাম।

৯। নোটিশ বোর্ড (নিলাম শাখা)।

১০। অফিস কপি।

23.09.26

(নাজমুল হোসেন)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

CamScanner